



## গাজীপুর সিটি নির্বাচনে জামায়াতের মেয়র প্রার্থী ঘোষণা



মুহাম্মদ হাফিজুর রহমান। ছবি : সংগৃহীত

গাজীপুর সিটি করপোরেশন নির্বাচনে মেয়র পদে দলীয় প্রার্থী ঘোষণা করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। একই সঙ্গে বিভিন্ন ওয়ার্ডে প্রতিদ্বন্দ্বিতার জন্য কাউন্সিলর প্রার্থীদের নামও প্রকাশ করা হয়।

বুধবার (৬ মে) সন্ধ্যায় টঙ্গীর তামীরুল মিল্লাত কামিল মাদ্রাসা অডিটোরিয়ামে আয়োজিত এক অনুষ্ঠানে এসব প্রার্থীর নাম ঘোষণা করেন দলটির সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার।

ঘোষণা অনুযায়ী, গাজীপুর সিটি নির্বাচনে জামায়াতের মেয়র প্রার্থী হিসেবে মনোনীত হয়েছেন মুহাম্মদ হাফিজুর রহমান। প্রার্থী ঘোষণার পর তিনি গাজীপুরকে নিরাপদ, পরিচ্ছন্ন এবং বসবাসযোগ্য নগরী হিসেবে গড়ে তোলার অঙ্গীকার ব্যক্ত করেন।

অনুষ্ঠানে বক্তারা আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে রাজনৈতিক পরিস্থিতি এবং জামায়াতে ইসলামীর সাংগঠনিক অবস্থান নিয়েও আলোচনা করেন। পাশাপাশি সরকারের সঙ্গে জুলাই সনদ বাস্তবায়ন বিষয়ে গঠনমূলক সংলাপের বিষয়টিও তুলে ধরা হয়।

সবশেষে গাজীপুর সিটি করপোরেশন নির্বাচনে দলীয় মেয়র ও কাউন্সিলর প্রার্থীদের নাম আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হয়। এ সময় উপস্থিত ছিলেন গাজীপুর মহানগর জামায়াতের আমীর ও কেন্দ্রীয় শুরা সদস্য মো. জামাল উদ্দিন, যিনি অনুষ্ঠানের সভাপতিত্ব করেন।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মিয়া গোলাম পরওয়ার। বিশেষ অতিথি ছিলেন কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা উত্তর অঞ্চলের পরিচালক মুহাম্মদ আব্দুর রব এবং গাজীপুর-৪ আসনের সংসদ সদস্য সালাহউদ্দিন আইয়ুবী। এছাড়া স্থানীয় ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরাও অনুষ্ঠানে অংশ নেন।